

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২১০

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১০০২তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ১০০২তম কমিশন সভা অদ্য ১০/০৩/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

অদ্যকার সভায় কমিশন মেয়াদি মিউচুয়াল ফান্ড 'SEML Lecture Equity Management Fund' এর মেয়াদ ১০ বছর পূর্ণ হওয়ায় ইউনিট হোল্ডারদের মতামত সহ ফান্ডটির ট্রাস্টি Bangladesh General Insurance Company PLC এর আবেদনের প্রেক্ষিতে, 'SEML Lecture Equity Management Fund' কে মেয়াদী মিউচুয়াল ফান্ড হতে বে-মেয়াদী মিউচুয়াল ফান্ডে রূপান্তরের প্রস্তাব অনুমোদন করেছে। একই সাথে কমিশন ফান্ড সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদিও অনুমোদন প্রদান করেন। রূপান্তরিত বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড 'SEML Lecture Equity Management Fund' এর প্রাথমিক আকার হবে ৫০.০০ কোটি টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসেবে দায়িত্বপালন করছে Strategic Equity Management Limited এবং এর ট্রাস্টি ও কাস্টিডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে Bangladesh General Insurance Company PLC এবং Commercial Bank of Ceylon PLC.

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

২০/০৩/২০২৬